# গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | (غَافِر(ٱلۡمُؤۡمِن

আয়াতঃ ৪০ : ৭৬

## আরবি মূল আয়াত:

اُدۡخُلُوۡۤا اَبۡوَابَ جَہَنَّمَ خٰلِدِیۡنَ فِیۡہَا ۚ فَبِئۡسَ مَثۡوَی الۡمُتَکَبِّرِیۡنَ ﴿۷۶﴾

## অনুবাদসমূহ:

তোমরা জাহান্নামের দরজাসমূহ দিয়ে প্রবেশ কর চিরকাল তাতে অবস্থানের জন্য। অতএব অহঙ্কারীদের বাসস্থান কতইনা নিকৃষ্ট! — আল-বায়ান

তোমরা জাহান্নামের দরজাগুলো দিয়ে প্রবেশ কর, চিরকাল তার ভিতরে থাকার জন্য। দাম্ভিকদের বাসস্থান কতই না নিকৃষ্ট! — তাইসিরুল

তোমরা জাহান্নামের বিভিন্ন দরজা দিয়ে প্রবেশ কর তাতে স্থায়ীভাবে অবস্থিতির জন্য, আর কতই না নিকৃষ্ট উদ্ধতদের আবাসস্থল! — মুজিবুর রহমান

Enter the gates of Hell to abide eternally therein, and wretched is the residence of the arrogant." — Sahih International

৭৬. তোমরা জাহান্নামের বিভিন্ন দরজা দিয়ে প্রবেশ কর, তাতে স্থায়ীভাবে অবস্থানের জন্য, অতএব কতই না নিকৃষ্ট অহংকারীদের আবাসস্থল!

-

তাফসীরে জাকারিয়া

(৭৬) ওদেরকে বলা হবে, ‘জাহান্নামে চিরকাল বসবাসের জন্য ওতে প্রবেশ কর, কত নিকৃষ্ট উদ্ধতদের আবাসস্থল।’ [1]

[1] এ কথা জাহান্নামে নিযুক্ত ফিরিশতা জাহান্নামীদেরকে বলবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4209

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন